# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়


**১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।**

**ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org**


**১৭/০৩/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির বিশেষ জরুরী সভার কার্যবিবরণীঃ**

অদ্য ১৭/০৩/২০১৮ইং শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির বিশেষ জরুরী সভা ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকায় ডিকেআইবি ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ.টি.এম আবুল কাশেম, সভাপতি, ডিকেআইবি এবং সভা পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আলহাজ্ব মোঃ আজিজুল হক, সহ-সভাপতি, কেনিক, পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক, কেনিক এবং পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু দ্বিপায়ন বড়ুয়া, সহ-সভাপতি, কেনিক।

গত সভার পর হতে যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আজিজুল হক, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিনে ৩২ নম্বর ধানমন্ডিতে বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন। জাতির জনকের জন্মদিনের শুভেচ্ছাসহ বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তাছাড়া ১৫ আগষ্ট এবং ২১ আগষ্টসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে স্বাগত বক্তব্য রাখেন। তিনি ১০ম গ্রেড বেতনস্কেল ও ২য় শ্রেণীর পদমর্যাদা বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। উপ-সহকারী কৃষি কর্মকর্তা থেকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতি, সিলেকশন গ্রেড এবং গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম করা হয়েছে তার বিস্তারিত আলোচনা করেন। তিনি ডিকেআইবি নতুন ভবন নির্মানের জন্য যে সকল জেলা এবং সংস্থা বিশেষ চাঁদা দিয়ে সহায়তা করেছেন তাদেরকে ডিকেআইবির পক্ষ থেকে ধন্যবাদ জানান এবং যে সকল জেলা বিশেষ চাঁদাসহ বার্ষিক ও কল্যাণ চাঁদা পরিশোধ করেন নাই তাদেরকে অতিদ্রুত চাঁদা পরিশোধ করার জন্য আহ্বান জানান। অতঃপর তিনি মহাসচিব সাহেবকে আজকের সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা পরিচালনা করেন এবং গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অদ্যকার আলোচ্য সূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

অতঃপর ২৩/০২/২০১৮ইং তারিখে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার রেজুলেশন উপস্থাপনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভার নির্ধারিত আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হলো।

<u>সিদ্ধান্ত-০১ঃ</u> জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিনের শুভেচ্ছা জানানোসহ তাঁর আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং ১৫ আগষ্ট ও ২১ আগষ্ট এর সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। সাথে সাথে বঙ্গবন্ধুর আজীবণ লালিত স্বপ্ন সুজলা সুফলা শস্য শ্যামলা এ বাংলাকে সোনার বাংলায় রুপান্তরের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত ভিশন-২০২১ এবং ২০৪১ বাস্তবায়নের জন্য দৃঢ় অঙ্গীকার ঘোষণা করা হয়।

<u>সিদ্ধান্ত-০২ঃ</u> (ক) ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকায় অবস্থিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর আঙ্গিনা থেকে মেট্রোপলিটন কৃষি অফিস মোহাম্মদপুর, ঢাকাকে, অনতিবিলম্বে অন্যত্র স্থানান্তর করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হয়। মেট্রোপলিটন কৃষি অফিস মোহাম্মদপুর, ঢাকার কৃষি কর্মকর্তা কৃষ্ণা রাণী দাশ, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সভাপতির সাথে অশালীন আচরণ করায় তার বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়। সাথে সাথে তাকে অন্যত্র বদলী করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

(খ) গত ১১/০৩/২০১৮ইং তারিখে বিসিএস কৃষি ক্যাডারে সভাপতি এবং মহাসচিব এর নেতৃত্বে কতিপয় কৃষিবিদ কর্মকর্তা ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন অফিসে এসে উপস্থিত নেতৃবৃন্দের সাথে অযাচিত এবং অশোভনীয় আচরণ করায় তাদের বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়।

(গ) ঐতিহাসিক ৭ মার্চের মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে আহুত জন সভায় যোগদানের উদ্দেশ্যে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর অফিসে আগমনকৃত সদস্যদের বিরুদ্ধে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কতিপয় কর্মকর্তা কর্তৃক মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন এবং হয়রানী মূলক ব্যবস্থা গ্রহণ করায় তাদের বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করা হয় এবং অনতিবিলম্বে হয়রানী বন্ধ করার জন্য সকল স্তরের কৃষিবিদ কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

(ঘ) বিভিন্ন জেলা এবং উপজেলায় যে সকল দুর্নীতিবাজ কৃষিবিদ কর্মকর্তাগণ তাদের অপকর্ম ঢাকার জন্য ডিপ্লোমা কৃষিবিদদেরকে বিভিন্ন কায়দায় হুমকী প্রদান করছেন তাদের বিরুদ্ধে প্রয়োজনে থানায় সাধারণ ডায়েরী করার সিদ্ধান্ত গৃহিত হলো।

(ঙ) বিসিএস কৃষি এসোসিয়েশনের যে সকল নেতৃবৃন্দ অর্থ মন্ত্রণালয়ে উপস্থিত হয়ে ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নে বাধা সৃষ্টি করছেন তাদের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ (ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের দুর্নীতি দূর করে স্বচ্ছতা আনয়ন প্রসঙ্গে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য চেষ্টা করে চলেছেন। দেশের বিভিন্ন উপজেলা, জেলা এবং অঞ্চল পর্যায়ে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী প্লট স্থাপন, প্রদর্শনী বাস্তবায়ন, কৃষকদের প্রশিক্ষণ উপকরণ সরবরাহ ও আনুষঙ্গিক কার্যক্রমের জন্য যে অর্থ বরাদ্দ থাকে সে সম্পর্কে কৃষকগণ এবং বাস্তবায়নে সহযোগী উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ অবগত থাকেন না। কতিপয় কর্মকর্তা প্রকল্পের বরাদ্দকৃত অর্থ উপকরণাদির পরিচ্ছন্নপত্র এবং বরাদ্দপত্র প্রকাশ না করে গোপন রাখেন। এহেন অসৎ কর্মকান্ডে যে সকল কর্মকর্তা কৃষকদেরকে বঞ্চিত করে দুর্নীতির সাথে জড়িত রয়েছেন এবং তাদের সহযোগী হিসেবে ডিপ্লোমা কৃষিবিদ/সাধারণ কর্মচারী যিনিই জড়িত থাকেন না কেন তাদের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় কৃষি মন্ত্রী ও মাননীয় কৃষি সচিব মহোদয়ের হস্তক্ষেপ কামনা করা হলো। এ মহৎ কাজে সহযোগীতা করে দুর্নীতি প্রতিরোধ এবং ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী'র হাতকে শক্তিশালী করার জন্য ডিপ্লোমা কৃষিবিদ এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত সকল স্তরের কর্মকর্তা এবং কর্মচারীদের সহযোগীতা কামনা করা হলো। সাথে সাথে কৃষকগণ যাতে বরাদ্দকৃত সমুদয় অর্থ ও উপকরণাদি নিদিষ্ট সময়ে পেতে পারে সেজন্যে বরাদ্দের অনুলিপি/ভাংতি বিবরণী উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট কৃষককে সরবরাহ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষসহ মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়কে অনুরোধ জানানো হলো।

(খ) বিভিন্ন উপজেলা, জেলা এবং অঞ্চল পর্যায়ে যে সকল কৃষিবিদ কর্মকর্তাগণ কৃষকদেরকে প্রদর্শনী প্লটে বরাদ্দকৃত অর্থ এবং অন্যান্য উপকরণাদি সরবরাহ না করে দুর্নীতিতে জড়িত রয়েছেন তাদের বিরুদ্ধে যথাযথ তথ্য সংগ্রহ করার জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় পর্যায়ে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি দুর্নীতি বিরোধী সেল গঠন করা হলো। দুর্নীতির প্রমাণ পত্রসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি কেন্দ্রীয় নির্বাহী কমিটির বরাবরে প্রেরণ করার জন্য সকল ডিপ্লোমা কৃষিবিদদের দৃষ্টি আকর্ষন করা হলো।

সিদ্ধান্ত-০৪ঃ (ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদে কর্মরতদের প্রেষণ/মৌখিক আদেশ বাতিল প্রসঙ্গে।

দীর্ঘ দিন যাবৎ মাঠ পর্যায়ে সারাদেশে ব্লক খালি রেখে উপজেলায় উপজেলা কৃষি অফিস, জেলায় উপপরিচালকের কার্যালয় এবং অঞ্চলে অতিরিক্ত পরিচালকের কার্যালয়ের উন্নয়ন শাখায় প্রায় ৮০৯ জন ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে প্রেষণ আদেশ বা মৌখিক আদেশের মাধ্যমে অফিস সহকারীর কাজ করানো হচ্ছে। যাহা বিধি বহির্ভূত। কৃষি ও কৃষকের উন্নয়নে উক্ত আদেশ বাতিল করার জন্য মহাপরিচালক মহোদয়কে বার বার অনুরোধ করা সত্ত্বেও তিনি প্রেষণ আদেশ বাতিল করেন নাই। ফলে মাঠ পর্যায়ে কৃষকগণ কৃষি প্রযুক্তির সেবা হতে বঞ্চিত হচ্ছেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়ন বাধাগ্রস্থ হচ্ছে। এ ব্যাপারে মাননীয় কৃষি সচিব ও কৃষি মন্ত্রী মহোদয়ের হস্তক্ষেপ কামনা করা হলো।

(খ) উপরোক্ত আদেশ বাতিল না করেই হীনস্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে শুধুমাত্র মাঠ পর্যায়ে কর্মরত (ডিপ্লোমা কৃষিবিদ) কর্মকর্তাদের কর্মস্থল ত্যাগ না করে সাপ্তাহিক ছুটির দিনসহ স্ব স্ব কর্মস্থলে অবস্থানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক স্মারক নং-২৬১০(২৪০) তারিখঃ ১৩/০৩/২০১৮ইং এর মাধ্যমে নির্দেশ প্রদান করেছেন। মাঠ পর্যায়ের বোরো আবাদের ভরা মৌসুমে মাঠে অবস্থান করে কৃষকদের সেবা করার উদ্দেশ্যেই যদি উক্ত পত্র জারি করা হয় তবে বিভিন্ন পর্যায়ে প্রেষণ/মৌখিক আদেশের মাধ্যমে কেন উপ-সহকারী কৃষি কর্মকর্তাদেরকে এখনও নিয়োজিত রাখা হয়েছে তা বোধগম্য নয়। এমতাবস্থায় বিভিন্ন অফিসে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের প্রেষণ আদেশ বাতিল করে ব্লকে পোষ্টিং দিয়ে কৃষকদের সেবা প্রদানের সুব্যবস্থা করার জন্য মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক পদে কৃষিবিদ নিয়োজিত থাকায় ডিপ্লোমা কৃষিবিদগণ দীর্ঘদিন যাবত ন্যায় বিচার প্রাপ্তিসহ বিভিন্ন ন্যায্য অধিকার থেকে বঞ্চিত ও ক্ষতিগ্রস্থ হচ্ছেন। যেমন- পদোন্নতি, সিলেকশনগ্রেড, গ্রেডেশন তালিকা ইত্যাদি।

কৃষি মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর, দপ্তর, বিভাগ, সংস্থার প্রশাসনকে স্বচ্ছ, দক্ষ ও নিরপেক্ষ করে পক্ষপাতহীন আচরণ, ন্যায় বিচার এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক পদে প্রশাসন ক্যাডারের কর্মকর্তা নিয়োগের জন্য অত্র সভায় পুনরায় জোর দাবি জানানো হলো। এ বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের সদয় হস্তক্ষেপ কামনা করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ (ক) বর্তমানে বাস্তবায়নকৃত **Revisit** কৃষিবিদদের পুনঃবাসনসহ একটি মাথাভারি প্রশাসন সৃষ্টি করেছে। এতে কৃষি ও কৃষকের কোন উপকার কখনও আসবে না বলে অত্র সভা মনে করে। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রস্তাবনা অনুযায়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের **Revisit** বাস্তবায়ন করার জন্য মাননীয় কৃষি মন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

(খ) হর্টিকালচার উইং এর আওতাধীন নার্সারী সমূহ পূর্বে ৫ একর ও ১০ একর তদুর্ধ নিয়মে ক্যাটাগরী ভূক্ত ছিল, অর্থাৎ ৫ একর পর্যন্ত একজন ওভারশিয়ার (ডিপ্লোমা কৃষিবিদ), ১০ একর পর্যন্ত নার্সারী সুপার (ডিপ্লোমা কৃষিবিদ), ১০ এককের উর্ধে হলে সহকারী উদ্যান তত্ত্ববিদ (কৃষিবিদ) নিয়োজিত ছিল। কিন্তু এখন কৃষিবিদ প্রশাসনের স্বেচ্ছাচারিতার কারণে নতুন **Revisit** এ শহর কেন্দ্রিক ১.৮০ শতাংশের মাঝে একজন উপপরিচালক আবার উপজেলা পর্যায়ে ১৩ একর ও ১৬ একর পর্যায়ে নার্সারী সুপার কর্মরত আছেন। যেখানে সুবিধা ভালো সেখানে জায়গা কম হলেও "এ" ক্যাটারগরী নার্সারী করে উপপরিচালক এর পদ সৃষ্টি করে পোষ্টিং দেওয়া আবার অসুবিধার স্থানে জায়গা বেশী হলেও নার্সারী সুপারের পদ রাখা। এ বৈষম্য শুধুমাত্র কৃষিবিদ প্রশাসনের কারণেই সম্ভব হয়েছে। এমতাবস্থায় মাননীয় কৃষি মন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ (ক) কক্সবাজার জেলার চকোরিয়া উপজেলার কৃষি অফিসার গত ২৪/০৪/২০১৭ইং তারিখে উক্ত উপজেলায় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা সনজিব বড়ুয়াকে গালাগালি এবং মারধর করায় তার বিরুদ্ধে নিন্দা জ্ঞাপন করা হয়। এ ব্যাপারে মহাপরিচালক মহোদয়কে অবহিত করার পরও ঘটনা ঘটার সুদীর্ঘ ০৮ মাস পর তাকে চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলায় বিগত ২৭/১২/২০১৭ইং তারিখে বদলী করা হলেও অদ্যাবদি পর্যন্ত তিনি বহাল তবিয়তে আছেন। এজন্য অত্র সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হলো এবং অনতিবিলম্বে তাকে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে অনুরোধ করা হলো।

(খ) বিভিন্ন জেলা/ উপজেলায় কর্মরত কৃষিবিদ যাদের একই কর্মস্থানে চাকুরির বয়স ০৫(পাঁচ) বছরের অধিক তাদেরকে অন্যত্র বদলীর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমীপে অনুরোধ করা হলো।

(গ) চট্টগ্রাম জেলার উপপরিচালক এবং ট্রেনিং অফিসার দীর্ঘ ২৫ বছর যাবৎ একই জেলার বিভিন্ন উপজেলায় চাকুরি করে বিভিন্ন অপকর্ম এবং সেচ্ছাচারিতায় জড়িত হয়ে পড়েছেন। এ ব্যাপারে মহাপরিচালক মহোদয়কে অবহিত করার পরও কোন পদক্ষেপ গ্রহণ না করায় অত্র সভায় তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করা হয় এবং অনতিবিলম্বে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ করা হলো।

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ

স্মারকনং- ডিকেআইবি/ কে স-৫৪/১(১৬০) তারিখঃ ১৭/০৩/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৬. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০-১১. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই, জয়দেবপুর, গাজীপুর।
১২-১৪. মাননীয় মহাপরিচালক, বি.জে.আর.আই.মানিক মিয়া এভিনিউ,ঢাকা/বিনা,ময়মনসিংহ/বি.এস.আর.আই.ঈশ্বরদী,পাবনা ।
১৫-১৬. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/ মাননীয় পরিচালক, ............................................. ।
১৭-২৪. মাননীয় বিভাগীয় কমিশনার, ...................................................... ।
২৫-৫৪. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..................... অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, ..................... ।
৫৫-১১৮. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ................................... জেলা।
১১৯. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১২০-১৫৫. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
১৫৬. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ...........................জেলা/অঞ্চল শাখা।
১৫৭. জনাব ................................................................................ ।

১৭/০৩/২০১৮ খ্রিঃ

(আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭